অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/24/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামস সেন্ট্রাল হার্লেমে LGBTQIA+ সমর্থনকারী হাউজিং ডেভেলপমেন্টের কাজ শেষ হওয়ার ঘোষণা করলেন

হোমওয়ার্ড সেন্ট্রাল হার্লেম একটি LGBTQIA+ সমর্থনকারী পরিবেশে হোমওয়ার্ড NYC এর সমর্থক সেবাসহ তরুণ প্রাপ্তবয়স্কদের জন্য 50টি বাসা প্রদান করে

গভর্নর ক্যাথি হোকল এবং মেয়র এরিক অ্যাডামস আজকে ঘোষণা করলেন যে পূর্বে গৃহহীন থাকা তরুণ প্রাপ্তবয়স্কদের জন্য একটি 50 ইউনিটের লেসবিয়ান, গে, বাইসেকসুয়াল, ট্রান্সজেন্ডার, কুইয়ার, ইন্টারসেক্স, অ্যাসেক্সুয়াল+ (LGBTQIA+) LGBTQIA+ সমর্থনকারী সমর্থক হাউজিং ডেভেলপমেন্টের কাজ শেষ হয়েছে। হোমওয়ার্ড সেন্ট্রাল হার্লেম (Homeward Central Harlem) হলো LGBTQIA+ নিউ ইয়র্কবাসীদের সেবা ও সুরক্ষা দান করার জন্য এবং তাদের চাহিদা পূরণ করবে এবং তাদের ন্যায্য ও মানসম্পন্ন আবাসন পাওয়ার অধিকার প্রদানে করতে বিনিয়োগ করার জন্য গভর্নরের প্রতিশ্রুতির অনুবর্তী।

"50 ইউনিট সমর্থক আবাসন ও অনসাইটে উপলভ্য সার্বিক কাউন্সেলিং, কেস ব্যবস্থাপনা, এবং সম্প্রদায়ের সংস্থান নিয়ে হোমওয়ার্ড সেন্ট্রাল হার্লেম হলো আমাদের LGBTQIA+ সম্প্রদায়কে সমর্থন করতে নিউ ইয়র্কের চলমান প্রতিশ্রুতির একটি প্রমাণস্বরূপ," **গভর্নর হোকল বলেন।** "গৃহহীনতা, আবাসন অনিরাপত্তা এবং বৈষম্য আমাদের স্টেটের অনেক বেশি LGBTQIA+ ব্যক্তির জন্য এখনো বাস্তবতা, কিন্তু আবাসন ও র‍্যাপঅ্যারাউন্ড সেবায় রূপান্তরকারী বিনিয়োগ এবং মেয়র অ্যাডামস ও হোমওয়ার্ড NYC (Homeward NYC) এর মতো অংশীদারদের সাথে সহযোগিতার মাধ্যমে এই সম্প্রদায়কে উন্নীত করতে এবং সকল বয়সের LGBTQIA+ নিউ ইয়র্কবাসীর কাছে যাতে তাদের সমৃদ্ধির জন্য প্রয়োজনীয় সংস্থানসহ নিরাপদ, সুরক্ষিত আবাসন থাকে তা নিশ্চিত করতে আমার প্রশাসন কাজ চালিয়ে যাবে।"

বিগত পাঁচ বছরে, হোম এবং কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) ম্যানহাটনে 7,500 সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করেছে। হোমওয়ার্ড সেন্ট্রাল হার্লেম এই প্রয়াসের অনুবর্তী এবং এটি গভর্নর হোকলের 25 বিলিয়ন মার্কিন ডলারের সার্বিক আবাসন পরিকল্পনার (Housing Plan) সম্পূরক, যা পুরো নিউ ইয়র্কে 100,000 সাশ্রয়ী বাসা তৈরি ও সংরক্ষণ করবে, যার মধ্যে দুর্বল জনগোষ্ঠীর জন্য সমর্থক সেবাসহ 10,000 ইউনিট থাকবে, সেই সাথে অতিরিক্ত 50,000 বাসার বৈদ্যুতিকরণ করা হবে।

নয়তলা ভবনটিতে প্রবেশের সময় 18 থেকে 25 বছরের প্রাপ্তবয়স্কদের জন্য 50টি সম্পূর্ণ আসবাব সজ্জিত স্টুডিও অ্যাপার্টমেন্ট থাকবে। বাসিন্দাদের রেফার করবে NYC গৃহহীন সেবা বিভাগ (NYC Department of Homeless Services), তরুণ ও সম্প্রদায় বিকাশ বিভাগের (Department of Youth and Community Development) বাড়ি থেকে পালানো ও গৃহহীন তরুণদের কর্মসূচি (Runaway & Homeless Youth program), এবং শিশু সেবা ফস্টার কেয়ার প্রশাসন (Administration for Children's Services Foster Care)। আবাসনের সময় সীমা নির্ধারিত নয়, অর্থাৎ বাসিন্দাদেরকে তাদের 26তম জন্মদিনে বয়সের কারণে বের হয়ে যেতে হবে না।

হোমওয়ার্ড NYC অনসাইট সমর্থক সেবা প্রদান করবে যেমন কাউন্সেলিং, বাসিন্দাদের আর্থিক ও স্বাস্থ্যসেবা সুযোগ প্রদানের জন্য কেস ব্যবস্থাপনা, সম্প্রদায়ের সংস্থানের সাথে সংযোগ, দলীয় কর্মকান্ড, এবং দক্ষতা গঠনের কর্মসূচি।

বাসিন্দাদের কম খরচে ইন্টারনেট সেবা প্রদান করা হবে। 15 ওয়েস্ট 118তম স্ট্রিটে অবস্থিত, ভবনটি হিটিং এবং কুলিং সিস্টেম, আলো এবং যন্ত্রপাতির জন্য শক্তি দক্ষ বৈশিষ্ট্যগুলি অন্তর্ভুক্ত করবে।

হোমওয়ার্ড সেন্ট্রাল হার্লেম নির্মাণ করেছে টাইপ A প্রোজেক্টস (Type A Projects) এবং আজিমাথ ডেভেলপমেন্ট গ্রুপ (Azimuth Development Group)।

22 মিলিয়ন মার্কিন ডলারের ডেভেলপমেন্টটির জন্য স্টেট অর্থায়নের মধ্যে রয়েছে নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিট (Federal Low-Income Housing Tax Credits) যা 14 মিলিয়ন মার্কিন ডলার ইক্যুইটি তৈরি করেছে এবং নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়াল 2.5 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি। এন্টারপ্রাইজ কমিউনিটি পার্টনার্স (Enterprise Community Partners) 1.8 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি প্রদান করেছে।

50টি ভাড়ার ইউনিটের প্রত্যেকটি নিউ ইয়র্ক সিটি আবাসন সংরক্ষণ এবং বিকাশ বিভাগের (New York City Department of Housing Preservation and Development , HPD) এর মাধ্যমে NYC 15/15 ভাড়ার সহায়তা পাবে। এই প্রকল্পটির শুরুতে সমর্থক আবাসন ঋণ কর্মসূচির (Supportive Housing Loan Program, SHLP) ভর্তুকি পাওয়ার কথা ছিল। বাসিন্দারা তাদের মাসিক আয়ের 30 শতাংশ ভাড়া হিসেবে প্রদান করবে, এবং NYC 15/15 পেমেন্ট মানদণ্ড অনুযায়ী অবশিষ্ট অর্থ প্রদান করবে।

বেসরকারি অ্যাপার্টমেন্টের মালিকদের সাথে দীর্ঘমেয়াদি চুক্তির মাধ্যমে NYC 15/15 ভাড়া সহায়তা প্রদান করা হয়, যার অধীনে যোগ্য গৃহস্থালি বাস করে এমন অ্যাপার্টমেন্টের জন্য HPD মাসিক ভাড়ার সহায়তা প্রদান করে। সহায়তাপ্রাপ্ত গৃহস্থালিসমূহ তাদের সমন্বয়কৃত আয়ের আনুমানিক 30 শতাংশ ভাড়া হিসেবে পরিশোধের জন্য দায়বদ্ধ থাকবে। NYC 15/15 এ অংশগ্রহণকারী গৃহস্থালিসমূহকে অনসাইট সামাজিক সেবা প্রদান করার জন্য মানব সংস্থান প্রশাসন (Human Resources Administration, HRA) এবং নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য ও মানসিক পরিচ্ছন্নতা বিভাগ (NYC Department of Health and Mental Hygiene, DOHMH) সামাজিক সেবা প্রদানকারীকে একটি চুক্তি প্রদান করবে।

HPD ভবনটির জন্য পূর্ণাঙ্গ 420-c কর মওকুফ প্রদান করেছে।

নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "LGBTQIA+ সমর্থনকারী এই ডেভেলপমেন্টের অংশ হতে পেরে আমরা গর্বিত যা সত্যিই 50 জন তরুণ প্রাপ্তবয়স্কদের জীবন বদলে দিবে। সাশ্রয়ী আবাসনের পাশাপাশি, হোমওয়ার্ড সেন্ট্রাল হার্লেম নিশ্চিত করবে যাতে বর্তমান ও ভবিষ্যতের বাসিন্দাদের কাছে সেই সকল সহানুভূতিশীল সমর্থন এবং সংস্থান উপলভ্য থাকে যা স্থিতিশীলতা ও স্বাধীনতা অর্জনের জন্য তাদের প্রয়োজন। শুধু নিজের বাসা যেই নিরাপত্তা ও মর্যাদা প্রদান করতে পারে তা যাতে সকল নিউ ইয়র্কবাসীর কাছে থাকে সেটি নিশ্চিত করতে আমরা গভর্নর হোকলের নেতৃত্বাধীনে কাজ করছি। আগামী অনেক দশক ধরে LGBTQIA+ তরুণ ব্যক্তিদের লাভবান করার এই প্রকল্পটির কাজ সফলভাবে শেষ করার জন্য আমাদের নির্মাণ দল এবং আমাদের সিটি ও বেসরকারি অংশীদারদের অভিনন্দন।"

নিউ ইয়র্ক সিটি আবাসন সংরক্ষণ এবং বিকাশ বিভাগের কমিশনার অ্যাডোলফো ক্যারিয়ন জুনিয়র বলেন, "বহু তরুণ LGBTQIA নিউ ইয়র্কবাসীকে নিরাপদ ও সাশ্রয়ী বসবাসের স্থান খুঁজতে কষ্ট করতে দেখা হৃদয়বিদারক। আবাসন অনিরাপত্তা দ্বারা প্রায়শই প্রভাবিত হওয়া LGBTQIA বাসিন্দাদের এই সাইটে উষ্ণ ও স্বাগত বাসা প্রদান করার জন্য HPD এবং হোমওয়ার্ড একত্রে কাজ করছে। এই প্রকল্পকে সমর্থন করতে পেরে আমরা অত্যন্ত গর্বিত, যা অত্যাবশ্যকীয় সুযোগ সুবিধা ও সেবা প্রদান করবে , এবং পুরো সিটিতে LGBTQIA নিউ ইয়র্কবাসীদের জন্য সাহস ও গ্রহণযোগ্যতার একটি মশাল হিসেবে কাজ করবে।"

ম্যানহাটন বরোর প্রেসিডেন্ট মার্ক লেভিন বলেন, "হোমওয়ার্ড সেন্ট্রাল হার্লেম এর বাসিন্দাদের জন্য জীবন রক্ষাকারী ও জীবন রূপান্তরকারী হবে। র‍্যাপঅ্যারাউন্ড সেবাসহ স্থিতিশীল আবাসনের সংমিশ্রণ বাসিন্দাদের তারুণ্যের সময়কালে একটি নিরাপদ ভিত্তি স্থাপন করার জন্য অমূল্য হয়ে উঠবে। হোমওয়ার্ডের মতো প্রকল্প হলো সম্প্রদায়কেন্দ্রিক সমর্থক আবাসন তৈরির জন্য একটি অসাধারণ মডেল।"

হোমওয়ার্ড NYC এর প্রধান নির্বাহী কর্মকর্তা জিনেট কে. রাফিন্স বলেন, "তরুণ LGBTQIA প্রাপ্তবয়স্কদের চাহিদা পূরণের জন্য নকশা করা আমাদের তৃতীয় সমর্থক আবাসিক ভবন খুলতে পেরে হোমওয়ার্ড NYC গর্বিত। LGBTQIA তরুণদের মূল পরিবার অনেক সময় তাদের সেক্সুয়াল ওরিয়েন্টেশন বা লিঙ্গ পরিচিতির কারণে তাদের গৃহহীনতার দিকে ঠেলে দেয়। যখন কারো পরিবার তাকে বলে যে তার পরিচয় মৌলিকভাবে ভুল, তখন তা তার আত্মচেতনা এবং নিরাপত্তাকে চুরমার করে। LGBTQIA তরুণ ব্যক্তিরা অপেক্ষাকৃত কম বয়সে গৃহহীন হয় এবং অপেক্ষাকৃত বেশি সময় গৃহহীন থাকে। সমর্থক আবাসন পেলে (যা হলো বিল্ট-ইন সমর্থক সেবাসহ সাশ্রয়ী আবাসন) এইসব তরুণ প্রাপ্তবয়স্করা একটি নিরাপদ ও সমর্থনকারী স্থানে থাকতে পারবে যেখানে তারা ভবিষ্যতে কী করতে চায় তা খুঁজে বের করতে পারবে। আমাদের অর্থায়নের অংশীদার নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়াল, সিটি আবাসন সংরক্ষণ ও বিকাশ বিভাগ, সিটি সামাজিক সেবা বিভাগ (City Department of Social Services), কীব্যাংক (KeyBank), হাডসন হাউজিং (Hudson Housing), এন্টারপ্রাইজ কমিউনিটি পার্টনার্স (Enterprise Community Partners), ফ্রেডি ম্যাক মাল্টিফ্যামিলি (Freddie Mac Multifamily);

এবং আমাদের নির্মাণ অংশীদার টাইপ A প্রোজেক্টস এবং আজিমাথ ডেভেলপমেন্ট গ্রুপ ছাড়া এই প্রকল্পটি ধারণা থেকে ইট পাথরের বাস্তবে পরিণত হতে পারতো না। সাশ্রয়ী আবাসন বৃদ্ধি করতে এবং দীর্ঘস্থায়ী গৃহহীনতা হ্রাস করতে সিটি ও স্টেটের উদ্যোগের সমর্থনের ফলে এই অংশীদারিত্বটি একত্রিত হতে পেরেছে।"

এন্টারপ্রাইজ কমিউনিটি পার্টনার্সের ভাইস প্রেসিডেন্ট এবং নিউ ইয়র্ক মার্কেটের নেতা বাবা হাম বলেন, "হোমওয়ার্ড সেন্ট্রাল হার্লেম খোলা উদযাপন করতে পেরে এন্টারপ্রাইজ আনন্দিত এবং 1.8 মিলিয়ন মার্কিন ডলার অনুদান দিয়ে এর নির্মাণে অংশ নিতে পেরে গর্বিত। গৃহহীন তরুণদের প্রায় 40 শতাংশ LGBTQIA+ হিসেবে নিজের পরিচয় দেয়। 50 ইউনিট স্থায়ী সমর্থক আবাসন তৈরি করে এবং সার্বিক অনসাইট সেবা প্রদান করে, এই সাইটটি শুধু আবাসন চাহিদা পূরণ করবে না, বরং এই দরজা দিয়ে প্রবেশ করা সকলের জন্য LGBTQIA+ সমর্থনকারী সেবা প্রদান করবে। হোমওয়ার্ড, টাইপ A প্রোজেক্টস, আজিমাথ ডেভেলপমেন্ট গ্রুপ, HCR, HPD, এবং জড়িত অন্যান্য সকল অংশীদারদের এই আনন্দের মাইলফলকে পৌঁছানোর জন্য অভিনন্দন।"

টাইপ A প্রোজেক্টসের প্রিন্সিপ্যাল এবং প্রকল্পের সহনির্মাতা অ্যানি টির্সওয়েল বলেন, "হোমওয়ার্ড সেন্ট্রাল হার্লেমে আমাদের তরুণ প্রাপ্তবয়স্ক বাসিন্দাদের স্বাগত জানাতে পেরে আমি সত্যিই বিনীত। নিউ ইয়র্ক সিটিতে হাউজিং ডেভেলপমেন্টের জন্য যেই পাহাড় অতিক্রম করতে হয়, বহু বছর ধরে তা করার পর, বাড়িতে উঠার দিন যখন আমাদের মধ্যে সর্বাধিক দুঃস্থ কিছু নিউ ইয়র্কবাসী নতুন সূচনার চাবি হাতে পায়, তখন আমরা যা করি তা কেনো করি তা স্ফটিক স্বচ্ছ হয়ে উঠে।আমাদের পরিশ্রমী এবং অনুপ্রেরণাদায়ক স্টেট ও সিটির এজেন্সি অংশীদার, ঋণদাতা, পরামর্শদাতা এবং নির্মাণ অংশীদার, যারা এইসব সম্ভব করেছে, তাদের প্রতি আমরা অত্যন্ত কৃতজ্ঞ।যারা এই স্বাগত দরজা দিয়ে প্রবেশ করবে, হোমওয়ার্ড NYC এর অবিচল ও সহানুভূতিশীল তত্ত্বাবধানে এই সহযোগিতামূলক কাজটি তাদের জীবন বদলে দিবে।"

আজিমাথ ডেভেলপমেন্ট গ্রুপের প্রতিষ্ঠাতা এবং প্রেসিডেন্ট গুইডো সাবোটোভস্কি বলেন, "হোমওয়ার্ড এবং টাইপ A প্রোজেক্টসের সাথে রূপান্তরকারী এই ডেভেলপমেন্টের অংশ হতে পেরে আজিমাথ ডেভেলপমেন্ট আনন্দিত।নিউ ইয়র্ক এমন একটি আবাসন সঙ্কটের সম্মুখীন হয়েছে যা আগে কখনো হয়নি, এবং এই প্রকল্পটি আমাদের সর্বাধিক দুঃস্থ অনেক নিউ ইয়র্কবাসীকে আবাসন ও সমর্থক সেবা প্রদান করবে।এই প্রকল্পটি বাস্তব করার জন্য, HCR, HPD, কী ব্যাংক, হাডসন হাউজিং ক্যাপিটালে আমাদের অংশীদারদের এবং ডেভেলপমেন্ট দলের অবশিষ্ট অংশের প্রতি আমরা আমাদের কৃতজ্ঞতা জানাতে চাই।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন